

বিজ্ঞপ্তি

নং.....২০৬৯

তারিখ:.....২২.০৬.১৭

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সালের স্নাতক পাস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য অগ্রহী প্রার্থীগণ অনলাইন থেকে ফরম পূরণ করে = ১৫০০/- (একহাজার পাঁচশত) টাকা কলেজ ক্যাশ শাখায় জমা দিয়ে আবেদন ফরমটি ০২টি সেট করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ১৩/০৬/২০১৭ থেকে ০৫/০৭/২০১৭ তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য বলা হল।

০১। বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে ২০১৩ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০১৭ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.এ./বি.এস.এস/বি.বি.এস কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৩ সাল বা তৎপূর্বে A Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত; ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।

গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশন জন্য আবেদন করতে পারবে না।

ঘ) বিষয়সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), আরবী, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং।

প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে প্রার্থীগণ কোর্স ওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোননমেই বিষয় পরিবর্তন করা যাবে না। কোন কোর্স/বিষয় সংশ্লিষ্ট কলেজে অধিভুক্তি না থাকলে সে বিষয়ে রেজিস্ট্রেশন করা যাবে না।

ঙ) যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

২। প্রাইভেট সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশনের আবেদন যোগ্যতা :

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।


নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে :

ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কতর্পক্ষ সংরক্ষণ করবেন)।

খ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরীতে ০২ বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীরতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

গ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কতর্পক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।

ঘ) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের স্নাতক পাস নিয়মিত প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস ও কারিকুলাম অনুযায়ী প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরাও অনুসরণ করবে।



কারমাইকেল কলেজ, রংপুর।

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ
রংপুর

তারিখ:

স্মারক নং:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

০১। উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর।

০২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রংপুর বিজ্ঞপ্তি প্রচারের জন্য অনুরোধ করা হল।

০৩। কলেজ নোটিস বোর্ড

০৪। অফিস কপি।

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।